



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**3 JULY 2024**

**7:35—7:40 AM IST**

=====

রাজ্যে গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির আরো অবনতি হয়েছে । এবারের বন্যায় রাজ্যের ২০ টি জেলার ৬ লক্ষ ৪০ হাজারেরও বেশী লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । গত ২৪ ঘন্টায় কাছাড়, ধেমাজী এবং তিনশুকিয়া জেলায় চারজনের মৃত্যু হওয়ায় এবারের বন্যায় মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩৮ হয়েছে । আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাত ও অরুণাচল প্রদেশের লোয়ার সুবনসিরি ড্যাম থেকে অতিরিক্ত জল ছাড়ায় রাজ্যের বন্যা পরিস্থিতি আরো জটিল রূপ ধারণ করেছে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল গোলাঘাট জেলার বন্যা পরিস্থিতি খতিয়ে দেখেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বন্যার সময় স্থানীয় বিধায়ক ও মন্ত্রীদের নিজ নিজ কেন্দ্রে থেকে বন্যা দুর্গতদের সাহায্য করতে নির্দেশ দিয়েছেন ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায় অবিরাম বৃষ্টিপাতের ফলে সবকটি নদীর জল বিপদসীমার উপরে প্রবাহিত হচ্ছে এবং জলস্তর বৃদ্ধি পাচ্ছে । অন্তর্পূর্ণা ঘাটে আজ সকাল ৭টায় বরাক নদীর জল বিপদসীমার ৪৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে নদীর জল ঘন্টায় ৫ সেন্টিমিটার করে বাড়ছে ।

হাইলাকান্দ্রির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম জেলার সব নদীতে জলস্তর বৃদ্ধি পাওয়া এবং সম্ভাব্য বন্যা মোকাবিলায় সরকারি বিভাগগুলিকে আগাম প্রস্তুতি নিয়ে রাখতে নির্দেশ দিয়েছেন । গতকাল জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে জেলা আয়ুক্ত শ্রী হিভারে

শ্রমিক ও বালুর বস্তু প্রস্তুত করে রাখা সহ বন্যাক্রান্তরা যাতে দ্রুত ত্রাণ লাভ করেন সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য চক্র আধিকারীকদের নির্দেশ দিয়েছেন। এছাড়া বন্যার জলে নেমে মাছ ধরা, ভেসে আসা বাঁশ ধরা, জলকেলি খেলা না করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন।

---

---

হাইলাকান্দি জেলার ধলেশ্বরী এবং কাটাখাল নদীর জলস্তর বিপদসীমা পেরিয়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে জেলায় এই দুই নদীতে অবস্থিত ফেরি সার্ভিস বন্ধ রাখা হয়েছে। অভ্যন্তরীণ জল পরিবহন বিভাগের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার মঙ্গলবার এক নির্দেশ জারি করে জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করতে এই ফেরি সার্ভিস বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন। নির্দেশে অভ্যন্তরীণ জল পরিবহন বিভাগের কর্মীদেরকে যেকোনো ত্রাণ ও উদ্ধার কাজে র জন্য নিজ নিজ স্টেশনে থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া বন্যার কবল থেকে প্রাণ বাঁচানোর জন্য বন্যার জলে সাঁতার কাটা, জলকেলি খেলা, ভেসে আসা বাঁশ, লাকড়ির অবশিষ্টাংশ না ধরতে জনসাধারণের প্রতি প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে।

---

---

কাছাড়ের জেলা পরিবহন আধিকারীক আসাম সরকারের যানবাহন স্ক্র্যাপেজ নীতি -২০২২ এর সুবিধা গ্রহণের জন্য পুরোনো এবং অযোগ্য যানবাহনের মালিকদের আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য যানবাহন স্ক্র্যাপিং নীতির উদ্দেশ্যে হচ্ছে- যানবাহন মালিকদের আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে বোঝা লাঘব করা। এই সুবিধা আগামী ৩১ শে মার্চ ২০২৫ পর্যন্ত কার্যকর থাকবে। বিশদ বিবরণ জেলা পরিবহন আধিকারীকের কার্যালয়ে পাওয়া যাবে।

---

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের শিলচর আঞ্চলিক কমিটির পক্ষ থেকে অবিলম্বে বর্ধিত পৌরকর প্রত্যাহারের দাবী জানিয়ে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে অধ্যাপক অজয় রায় , দুলালী গাঙ্গুলী প্রমুখ পৌর করের বিরোধীতা করে বক্তব্য রাখেন ।

---

---

করিমগঞ্জের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার স্থল সেনা , নৌ সেনা ও বিমান বাহিনীর প্রাক্তন সেনা কর্মী ও তাদের পরিবারের সদস্যদের ডাটা আপলোড করার জন্য কিছু নথিপত্রের জেরক্স কপি জমা করার আহ্বান জানিয়েছেন । বিশদ বিবরণ জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্যালয়ে পাওয়া যাবে ।

---

---

কাছাড় জেলা সর্ব শিক্ষা মিশন কো-অর্ডিনেটর কার্যালয়ের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে তাপাং-এর কস্তুরবা গান্ধী বালিকা আবাসিক বিদ্যালয়ের পাঁচটি পদের জন্য যোগ্য প্রার্থীর কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । যোগ্য প্রার্থীদের ১১ মাসের জন্য নিযুক্তি প্রদান করা হবে । পদগুলি হচ্ছে-গণিত ,পদার্থ বিদ্যা , রসায়ন বিদ্যা , প্রাণিবিদ্যা এবং ইতিহাস । বিশদ বিবরণ শিলচর সর্ব শিক্ষা কার্যালয়ে পাওয়া যাবে ।

---

---